


বাংলাদেশি শিক্ষার্থীদের শিক্ষার গুণগতমান আন্তর্জাতিক পরিমণ্ডলে স্বীকৃত : স্পিকার

নিজস্ব বার্তা পরিবেশক



সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশের শিক্ষার্থীদের শিক্ষার গুণগতমান আন্তর্জাতিক পরিমণ্ডলে স্বীকৃত। তিনি বলেন, আমি বিশ্বাস করি বাংলাদেশের শিক্ষার্থীরা বিশ্বের অন্যান্য দেশের শিক্ষার্থীদের সাথে প্রতিযোগিতায় অবতীর্ণ হলে অধিকাংশ স্কলারশিপ অর্জন করতে সক্ষম হবে। গতকাল সন্ধ্যায় ঢাকার হোটেল স্ট্যুয়ার্টনে ব্রিটিশ কাউন্সিল ও কেমব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনস কর্তৃক আয়োজিত কেমব্রিজ

শিক্ষার্থীদের অসাধারণ নৈপুণ্যের স্বীকৃতি প্রদান অনুষ্ঠানে তিনি এসব একথা বলেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাই কমিশনের ভারপ্রাপ্ত হাই কমিশনার মার্ক ক্রেটন, ব্রিটিশ কাউন্সিলের আবাসিক পরিচালক জির্ম স্বার্থ ওবিই, ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের এক্সামিনেশনের পরিচালক দীপ অধিকারী এবং কেমব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনসের আঞ্চলিক পরিচালক (দক্ষিণ এশিয়া) রুচিমা ঘোষ বক্তৃতা করেন। অনুষ্ঠানে কেমব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনসের ১৩ জন শীর্ষস্থান অধিকারী বাংলাদেশি শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। বাংলাদেশের ৭টি স্কুলের ১৩ জন শিক্ষার্থীকে এ পুরস্কার প্রদান করা হয়।

কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, আজ তোমরা যেটা অর্জন করলে সেটা তোমাদের জীবনের জন্য একটি গুরুত্বপূর্ণ টার্নিং পয়েন্ট। তিনি পাঠ্যপুস্তকের বাইরেও জ্ঞান অর্জনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকতে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনে তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন।

শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য শিক্ষা বৃত্তিসহ অন্যান্য শিক্ষার সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য ব্রিটিশ সরকারের প্রতি আহ্বান জানিয়ে স্পিকার বলেন, বাংলাদেশের শিক্ষার্থীরা গণিত, ইংরেজি ভাষা ও সাহিত্য, পরিবেশ বিজ্ঞান ও শিল্প সংস্কৃতির মতো মৌলিক বিষয়গুলোতে অসাধারণ নৈপুণ্যের স্বাক্ষর রাখছে যা আমাদের জন্য খুবই আশাপ্রদ। স্পিকার বলেন, আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অনেক এগিয়ে। বাংলাদেশ আজ আর্থসামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে।